তারিখ ২৮ AUG ২০১৭
পৃষ্ঠা ৩ কলাম ৫

### তথ্যপ্রযুক্তি খাতে দক্ষতা বৃদ্ধি

# ঢাবিতে চালু হচ্ছে এসিএমপি প্রোগ্রাম

দেশের আইটি কোম্পানির মধ্যম স্তরের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে সেপ্টেম্বরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএতে 'অ্যাডভান্সড সার্টিফিকেশন ফর ম্যানেজমেন্ট প্রফেশনালস (এসিএমপি)' প্রোগ্রাম চালু হচ্ছে। এ লক্ষ্যে সরকারের লিভারেজিং আইসিটি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট অ্যান্ড গভন্যান্স (এলআইসিটি) প্রকল্পের আওতায় যুক্তরাজ্যভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান আর্নষ্ট অ্যান্ড ইয়ংয়ের (ইওয়াই) ভারতীয় চ্যাপ্টার ইওয়াইয়ের সঙ্গে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। যেখানে বলা হয়েছে, দেশের আইটি কোম্পানিগুলোর ৫শ'রও বেশি মধ্যম স্তরের কর্মকর্তাকে এসিএমপি প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট আহমেদাবাদ (আইআইএমএ), ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি), দিল্লি এবং আইবিএর অভিজ্ঞ প্রশিক্ষক এবং দেশের আইটি সেক্টরের সফল উদ্যোক্তারা প্রশিক্ষণ দেবেন। প্রশিক্ষণের কোর্সগুলো যুক্তরাষ্ট্রের জর্জ ওয়াশিংটন বিশ্ববিদ্যালয় দ্বারা স্বীকৃত হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার বলেন, দেশের আইটি এবং আইটিইএস কোম্পানিগুলোতে দক্ষতাসম্পন্ন মানুষের অভাব পূরণে এসিএমপি প্রোগ্রাম চালু হচ্ছে। আইটি এবং আইটিইএস খাতের জন্য দক্ষ মানুষ তৈরির জন্যই এ উদ্যোগ। এলআইসিটি প্রকল্প পরিচালক রেজাউল করিম বলেন, এই প্রশিক্ষণ দেশের তথ্যপ্রযুক্তি খাতে একটি ইতিবাচক পরিবর্তন বয়ে আনবে। এই প্রশিক্ষণে যেসব বিষয় যুক্ত হতে পারে তার মধ্যে অন্যতম প্রজেক্ট ম্যানেজমেন্ট, পিপল ম্যানেজমেন্ট, বিজনেস অ্যান্ড কাস্টমার ম্যানেজমেন্ট, বিজনেস কমিউনিকেশন, ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিং, স্ট্র্যাটেজি ম্যানেজমেন্ট, বিজনেস অ্যানালাইটিকস, সাইবার সিকিউরিটি এবং অন্যান্য সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং এরিয়া।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর